

২৬৬১৭

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ঝালকাঠী-৬১/ ১৬৮০

তারিখঃ ৯/০৮/২০১৭খ্রিঃ

বিষয় : তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র : ১) নং-শাঃ১৪/অভিযোগ-১/২০০৭(অংশ-৪)১১৯; তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০১৬
২) নং- বামাশিবো/প্রশা/ঝালকাঠী-৬১/২৪৮৮; তারিখঃ ০৬/০৪/২০১৭খ্রিঃ
৩) স্মারক নং- ০৫.১০.৪২৮৪.০০১.০৫.০০৩.১৭-৪৭৬; তারিখঃ ১২-০৭-২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, ঝালকাঠী জেলার রাজাপুর উপজেলাধীন পুটিয়াখালী দারুল ইসলাম আলিম মাদরাসার অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষকদের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির বিষয়ে দাতা সদস্য দাবীদার রুহুল আমিন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্ত পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রে ১নং উল্লিখিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

নির্দেশনা অনুযায়ী অভিযোগের বিষয়ে জরুরী ভিত্তিতে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠীকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর, ঝালকাঠী এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আনীত অভিযোগসমূহ মিথ্যা ও বানোয়াট মর্মে প্রমানিত হয়েছে (কপি সংযুক্ত)।

প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্যা
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

সচিব
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১. সিনিয়র সহকারী সচিব (মাদরাসা-২), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।